Bangladesh

উপজেলা পরিষদ
মাদারগঞ্জ, জামালপুর।

স্মারক নং-০৫.৪৫.৩৯৫৮.৪৫৬.৩১.০০১.২০-৯৬৬(৫০)    তারিখ : ১৯ আগষ্ট ২০২১ খ্রি:।

## বিজ্ঞপ্তি

আগস্ট ২০২১ মাসের অনুষ্ঠিতব্য মাসিক সভাসমূহ নিম্নবর্ণিত তারিখ ও সময়সূচী অনুযায়ী উপজেলা পরিষদ সভাকক্ষে চেয়ারম্যান উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে। উল্লেখিত কমিটির সম্মানিত সদস্যগণকে যথাসময়ে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

| ক্রঃ নং | তারিখ | সময় | সভার নাম |
|---|---|---|---|
| ০১. | ২৯/০৮/২০২১ খ্রি: | বেলা ১১-৫৫ টা | উপজেলা গ্রাম আদালত ব্যবস্থাপনা কমিটির সভা। |
| ০২. | ২৯/০৮/২০২১ খ্রি: | দুপুর ১২-০০ টা | উপজেলা আইনগত সহায়তা কমিটির সভা। |
| ০৩. | ২৯/০৮/২০২১ খ্রি: | দুপুর ১২-০৫ টা | উপজেলা পরিবার পরিকল্পনা কমিটির সভা। |
| ০৪. | ২৯/০৮/২০২১ খ্রি: | দুপুর ১২-১০ টা | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভা। |
| ০৫. | ২৯/০৮/২০২১ খ্রি: | দুপুর ১২-১৫ টা | উপজেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটির সভা। |
| ০৬. | ২৯/০৮/২০২১ খ্রি: | দুপুর-১২-৩০ টা | উপজেলা পরিষদ মাসিক সভা। |

উল্লেখ্য যে, বিভাগীয় প্রধানগণকে উপজেলা পরিষদ মাসিক সভায় তার অফিসের আলোচ্যসূচী এবং স্থায়ী কমিটির মিটিংয়ের রেজুলেশন ২৬-০৮-২০২১ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

(ইলিশায় রিছিল)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
মাদারগঞ্জ, জামালপুর।

প্রাপকঃ ১। উপজেলা.................................................................অফিসার, মাদারগঞ্জ, জামালপুর।
২। চেয়ারম্যান.......................................(সকল) ইউনিয়ন পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
৩। জনাব .....................................................................................................

**সদয় জ্ঞাতার্থে অনুলিপিঃ**

১। আলহাজ মির্জা আজম,মাননীয় সংসদ সদস্য-১৪০,জামালপুর-৩ ও উপদেষ্টা উপজেলা পরিষদ,মাদারগঞ্জ।
২। জেলাপ্রশাসক, জামালপুর।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
৪। মেয়র, মাদারগঞ্জ পৌরসভা, মাদারগঞ্জ, জামালপুর।
৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
৬। অফিস কপি।

বাংলাদেশের সুবর্ণ জয়ন্তী Bangladesh 50

উপজেলা পরিষদ
মাদারগঞ্জ, জামালপুর।

মুজিববর্ষ 100

**আগস্ট/২০২১ মাসের উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী:**

সভাপতি : মো: ওবায়দুর রহমান বেলাল
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।

সভার তারিখ : ২৯ আগস্ট ২০২১ খ্রি:।

সময় : দুপুর ১২.৩০ ঘটিকা

সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, মাদারগঞ্জ, জামালপুর।

**সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার, মাদারগঞ্জ, জামালপুর ও মূখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ,মাদারগঞ্জ, জামালপুর গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোন সংশোধনী না থাকায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। অতঃপর বিভাগওয়ারী আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রম | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/সংস্থা |
|---|---|---|---|---|
| ০১. | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, মাদারগঞ্জ সভায় জানান করোনা টিকার জন্য অনলাইনে রেজিস্ট্রেশন কার্যক্রম চলমান আছে। আগস্ট/২০২১ মাস পর্যন্ত ৪৭৫৩২ জনকে টিকা প্রদান করা হয়েছে ২৬০০০ ডোজ এবং করোনা নমুনা সংগ্রহ ১৬২৯ জন, করোনা পজেটিভ-৩০৫ জন এবং মারা গেছে ০৭ জন। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ০২. | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান ২০২১-২০২২ অর্থ বছরে ভর্তুকি মূল্যে কৃষি যন্ত্রপাতি বিতরণ এবং ৩০ টি নাবি পাট বীজ উৎপাদন প্রদর্শনী প্রণোদনা হিসেবে কৃষকদের প্রদান করা হবে। এ বিষয়ে তিনি সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। বিভাগীয় কাজে তৎপর হওয়ার জন্য অনুরোধ করা হল। | উপজেলা কৃষি অফিসার মাদারগঞ্জ ,জামালপুর। |
| ০৩. | স্থানীয় সরকার ও প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান ২০২০-২০২১ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন সহায়তা এডিপির আওতায় প্রাপ্ত বরাদ্দের প্রেক্ষিতে গৃহীত প্রকল্পসমূহ সঠিকভাবে সমাপ্ত করায় এ উপজেলার সকল ইউপি চেয়ারম্যানকে ধন্যবাদ জানানো হয়। ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন সহায়তা এডিপির এখনও কোন বরাদ্দ পাওয়া যায় নাই। বরাদ্দ প্রাপ্তির সাপেক্ষে দ্রুত সময়ের মধ্যে প্রকল্প ও প্রকল্প কমিটি গঠণ করে প্রকল্পের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করতে হবে। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য উপজেলা প্রকৌশলী, মাদারগঞ্জ, জামালপুরকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী মাদারগঞ্জ, জামালপুর। |
| ০৪. | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, চলতি আগস্ট/২০২১ মাসে তাঁর দপ্তরের কার্যক্রমসমূহ:<br>প্রশিক্ষণ = ৩০ জন<br>রাজস্ব আদায় = ৪৭,১১৫/-, চিকিৎসা (গবাদি পশু) = ২৫৩৮ টি<br>চিকিৎসা (হাঁস মুরগী) = ১৯৫৭০ টি,<br>টিকাদান (গবাদি পশু) = ৪৩৪০ টি<br>টিকাদান(হাঁস মুরগী) = ৫৭০০০ টি, কৃত্রিম প্রজনন = ৮৩৩ টি<br>সংকর জাতের বাছুর উৎপাদন = ৩০৮ টি<br>তাছাড়া উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, মাদারগঞ্জ, জামালপুর এর পরিত্যাক্ত ভবন সমূহের প্রাক্কলন জেলা প্রাণিসম্পদ দপ্তর, জামালপুর-এ প্রেরণ করা হয়েছে এবং বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ০৫. | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, বর্তমানে জাতীয় মৎস্য সপ্তাহ-২০২১ উদযাপিত হচ্ছে। গত ২৪-০৮-২০২১ খ্রি: তারিখে উপজেলা প্রশাসনের মাধ্যমে পরিচালিত মোবাইল কোর্টে ১৫ টি নিষিদ্ধ চায়না ড্রয়ার জাল/দুয়ারীজাল এবং ১৫০০০ মি. নিষিদ্ধ কারেন্ট জাল জব্দ করে দোকান মালিকগণকে মোট ১৫০০০/- | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | টাকা জরিমানা করা হয় এবং জব্দকৃত জাল পুড়িয়ে ধ্বংস করা হয়। NATP-2 প্রকল্পের আওতায় মির্জাপুর-কামারিয়া সি.আই.জি মৎস্য সমবায় সমিতি লি: এ AIF-2 ফান্ডের আওতায় মাছের ভাসমান খাদ্য তৈরীর পিলেট মেশিন বিতরণ করা হয়। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | | |
| ০৬. | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান স্কুলফিডিং কার্যক্রমে ২০ প্যাকেট করে বিস্কুট প্রতি শিশুর মাঝে বাড়ী বাড়ী বিতরণ হচ্ছে এবং বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্যবিধি মেনে বিস্কুট বিতরণসহ বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | ১. উপজেলা প্রকৌশলী, মাদারগঞ্জ,জামালপুর।<br>২.উপজেলা শিক্ষা অফিসার, |
| ০৭. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান তাঁর দপ্তরে চলতি মাসে স্থায়ী বন্ধাকরণ-০৫ জন, আইইউডি-০৮ জন, ইমপ্লান্ট-০০ জন, ইনজেকশন-৫৩৭ ভায়েল, খাবার বড়ি (সুখী)-৯৬৮১ চক্র, খাবার বড়ি আপন-১৭৬ চক্র, কনডম-৭৮৭৩ পিস এবং ইসিপি-১৮ জন এবং প্রাতিষ্ঠানিক ডেলিভারি-১৩ জন। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ০৮. | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলছে। তিনি বলেন এ উপজেলায় প্রাইভেট স্কুল/কোচিং-এ এস্যাইনমেন্ট কার্যক্রম চলছে। স্বল্প পরিসরে এসএসসি/এইচএসসি পরিক্ষার প্রস্তুতি নেয়া হচ্ছে। তাছাড়া UID এর জন্য আংশিক প্রশিক্ষণ হয়েছে এবং অতিদ্রুত বাকী প্রশিক্ষণ নেয়া হবে। তিনি পরিসরে তার দপ্তরে শিক্ষা সেবার মান দ্রুত বৃদ্ধির লক্ষ্যে সরকারিভাবে একটি সোলার স্থাপনের জন্য সভায় অনুরোধ করেন। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো এবং সোলার স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুরকে অনুরোধ করা হলো। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মাদারগঞ্জ।<br>২. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ০৯. | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতাভোগীদের মাঝে G2P পদ্ধতিতে ২৫০৩২ জনকে ভাতা প্রদান করা হয়েছে। এক্ষেত্রে ডিজিট ভুলের কারণে ৬৫ জন ভাতাভোগীর টাকা অন্যত্র চলে যায়। তন্মধ্যে ৮ জনের টাকা ফেরৎ এনে সঠিক ভাতাভোগীকে প্রদান করা হয়েছে। প্রতিবন্ধীদের সনাক্তকরণ জরিপ কার্যক্রম চলমান আছে। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা মাদারগঞ্জ,জামালপুর। |
| ১০. | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের মাধ্যমে বাস্তবায়িত পিআরডিপি-৩ প্রকল্পের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে এবং আগস্ট/২০২১ মাসে মাননীয় প্রধানমন্ত্রী প্রণোদনা ঋণ ০২(দুই) জন সদস্যকে ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা প্রদান এবং ১৬,০০০/-(ষোল হাজার) টাকা সঞ্চয় আদায় করা হয়েছে। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ঋণ কার্যক্রম সুষ্ঠুভাবে বিতরণ ও আদায় করার জন্য সভায় অনুরোধ করা হয়। ঋণ গ্রহিতা কোনভাবেই যাতে হয়রানী শীকার না হয় এ বিষয়ে খেয়াল রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ১১. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, সভায় জানান সাম্প্রতিক অতিবৃষ্টির ফলে নদ-নদীতে পানি বৃদ্ধি পাচ্ছে। পানি বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হওয়ায় এ উপজেলায় বিভিন্ন জায়গায় বন্যার পানিতে প্লাবিত হয়েছে। তিনি বন্যার বর্তমান পরিস্থিতির অবস্থা, ক্ষয়ক্ষতির পরিমান, পানিতে পড়ে মৃত্যুজনিত ঘটনা, সাপে কামড়ে কোন ব্যক্তি মারা গেলে এইসব তথ্য দ্রুত উপজেলা প্রশাসনকে অবহিত করার জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করেন। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | ১। পি.আই.ও মাদারগঞ্জ, জামালপুর।<br>২। চেয়ারম্যান (সকল)ইউপি মাদারগঞ্জ,জামালপুর। |
| ১২. | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান ভ্রাম্যমান প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কার্যক্রম বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে আগামী সেপ্টেম্বর/২০২১ মাস হতে শুরু হবে। এ বিষয়ে তিনি সকলের আন্তরিক সহযোগিতা প্রদান করেন। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে এবং সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| ১৩. | উপজেলা মহিলা বিষয়ক কার্যালয় | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান চেয়ারম্যান, আদারভিটা ইউপি এবং চরপাকেরদহ ইউপি এখনোও খাদ্য গুদাম হতে চাল উঠানো হয়নি। দ্রুত সময়ের মধ্যে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণকে চাল উঠানোর জন্য অনুরোধ করেন। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে বলে জানান। | চেয়ারম্যান, আদারভিটা ইউপি এবং চরপাকেরদহ ইউপিকে খাদ্য গুদাম হতে দ্রুত সময়ের মধ্যে চাল উঠানোর জন্য সিদ্ধান্ত গৃহীত হলো।অপরদিকে বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর।<br>২। চেয়ারম্যান, চরপাকেরদহ ও আদারভিটা ইউপি, মাদারগঞ্জ, জামালপুর। |

| | | | |
|---|---|---|---|
| উপজেলা সমবায় বিভাগ। | উপজেলা সমবায় কর্মকর্তা জানান, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান ২০১৯-২০২০ অর্থ বছরে সমিতির অডিট কার্যক্রম সম্পন্ন হয়েছে। আশ্রয়ণ এবং ০২ টি নারী উন্নয়ন প্রকল্পের ঋণ আদায় ও দাদন কার্যক্রম চলমান আছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা সমবায় কর্মকর্তা, মাদারগঞ্জ, |
| উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মাদারগঞ্জ সভায় জানান মুজিববর্ষের ক শ্রেণি নলকূপের প্লাটফর্ম এর কাজ দ্রুত শুরু হবে। এ বিষয়ে যেসকল ইউনিয়নে মুজিববর্ষের ক শ্রেণির ঘর নির্মাণ করা হয়েছে সেসব ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে প্লাটফর্ম কাজের সার্বিক সহযোগিতা করার জন্য সভায় অনুরোধ করেন। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলছে। | নলকূপের প্লাটফর্ম স্থাপনের কাজ দ্রুত শেষ করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হলো। তাছাড়া বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মাদারগঞ্জ, জামালপুর। |
| উপজেলা পরিসংখ্যান বিভাগ। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান আগামী অক্টোবর/২০২১ মাস হতে আদম শুমারীর কাজ শুরু হবে। এ বিষয়ে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান এ উপজেলায় দ্রুতই খাদ্য বান্ধব কর্মসূচি কার্যক্রম চালু হবে। এ কর্মসূচিতে সভায় উপস্থিত সকলের সহযোগিতা কামনা করেন। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক মাদারগঞ্জ, জামালপুর। |
| উপজেলা আনসার ও ভিডিপি | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান তার বিভাগের কার্যক্রম স্বাভিবিক চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা আনসারও ভিডিপি কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| উপজেলা পাট উন্নয়ন বিভাগ। | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, উন্নত প্রযুক্তি নির্ভর পাট ও পাটবীজ উৎপাদন করার লক্ষ্যে এ উপজেলায় ২৭০০ জন কৃষকের মাঝে বিনামূল্যে সার বিতরণ করা হয়েছে। বিতরণ কার্যক্রম এখনোও চলমান আছে। তাছাড়া জুন/২০২১ মাসের ২য় সপ্তাহের মধ্যেই ১০০ জন পাটচাষীকে প্রশিক্ষণ দেয়া হবে। এ বিষয়ে তিনি সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | কোভিড-১৯ অনুসরণ পূর্বক স্বাস্থ্যবিধি মেনে সার বিতরণ এবং প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| উপজেলা পিডিবিএফ বিভাগ। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান তাঁর দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| উপজেলা বন বিভাগ | ফরেস্টার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, মাননীয় সংসদ সদস্য মহোদয়ের তালিকামতে অত্র মাদারগঞ্জ উপজেলায় মোট ২৫০০ টি চারা বিনামূল্যে বিতরণ করা হবে। তালিকা না পাওয়ায় চারা বিতরণ করা সম্ভব হচ্ছে না। এ বিষয়ে সভার সভাপতি মহোদয়ের নিকট তালিকা গ্রহণের বিষয়ে হস্তক্ষেপ কামনা করেন। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | মাননীয় সংসদ সদস্য মহোদয়ের নির্দেশনা অনুযায়ী তালিকা প্রস্তুত করে দ্রুত প্রদান করা হবে। তাছাড়া বিভাগীয় কার্যক্রম কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | ফরেস্টার মাদারগঞ্জ, জামালপুর। |
| পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, তার দপ্তরের আগস্ট/২০২১ মাসের<br>ক. SME লোন বিতরণের টার্গেট : ১০৩.০৪ লক্ষ<br>SME লোন বিতরণের অর্জন : ৯৮.৯০ লক্ষ<br>SME লোন আদায় : ৫৪.২২ লক্ষ<br>খ. শস্য লোন বিতরণের টার্গেট : ৩৫.০০ লক্ষ<br>শস্য লোন বিতরণের অর্জন : ২১.১০ লক্ষ<br>শস্য লোন আদায় : ১০.৩১ লক্ষ<br>গ. কোভিড-১৯ লোন বিতরণের টার্গেট : ৭৮.০০ লক্ষ<br>কোভিড-১৯লোন বিতরণের অর্জন : ৪৪.২৫ লক্ষ<br>কোভিড-১৯লোন আদায় : ৫.২৮ লক্ষ<br>তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক মাদারগঞ্জ,জামালপুর। |
| ফায়ার সার্ভিস বিভাগ। | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, মাদারগঞ্জ, জামালপুর তাঁর দপ্তরে অগ্নি নিবারণ সম্পর্কে এ উপজেলায় বিভিন্ন জায়গায় সচেতনতামূলক কার্যক্রম চালু আছে। জনগণকে গ্যাস সিলিন্ডার হতে কিভাবে আগুন নিয়ন্ত্রণ করা যায় এ বিষয়ে প্রাথমিক ধারনা প্রদান করা হচ্ছে। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, মাদারগঞ্জ,জামালপুর। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৪. | তথ্য কেন্দ্র | উপজেলা তথ্য কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান করোনাকালীন সময়ে ডোর টু ডোর এবং উঠান বৈঠকের সেবা প্রদান বন্ধ থাকলে ও আগস্ট/২০২১ মাস থেকে যথারীতি স্বাস্থ্যবিধি মেনে প্রাথমিক স্বাস্থ্যসেবা এবং অনলাইন সেবা পুরোদমে স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | তথ্য আপা মাদারগঞ্জ,জামালপুর। |
| ২৫. | ইসলামী ফাউন্ডেশন | ফিল্ড সুপারভাইজার, ইসলামী ফাউন্ডেশন মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম শুরু করার পূর্ব প্রস্তুতি হিসেবে আগামী ০৮-০৯-২০২১ খ্রি: তারিখে সকল শিক্ষক ও কেয়ারটেকারদের নিয়ে স্বাস্থ্যবিধি মেনে সন্ত্রাস, জঙ্গীবাদ, সামাজিক সমস্যা (যৌতুক, বাল্যবিবাহ, মাদক) প্রতিরোধে ইমামদের করণীয় শীর্ষক মতবিনিময় সভার আয়োজন করা হবে। তাছাড়া প্রতি জুম্মায় প্রাক খুতবার আগে মাদক ও বাল্য বিবাহের কুফল সম্পর্কে মুসল্লীদের অবহিত করার জন্য সকল মসজিদের ইমামদের নির্দেশনা প্রদান করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | ফিল্ড সুপারভাইজার, ইসলামী ফাউন্ডেশন মাদারগঞ্জ, জামালপুর। |
| ২৬. | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ) সভায় জানান, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়িত UGDP এর লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়ন প্রক্রিয়া নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। উপজেলা কমিটির সভা, বার্ষিক পরিকল্পনা এবং সিটিজেন চার্টার হালনাগাদ করা প্রয়োজন। তাছাড়া প্রকল্প প্রস্তাবনা সমূহ আগামী ৩০ সেপ্টেম্বর ২০২১ মাসের মধ্যে জমা দিতে হবে। ইউজিডিপি কে উপজেলা পরিষদের কো-অপ্ট সদস্য হিসেবে সংযুক্ত করার জন্য প্রস্তাব করা হয়। | ইউজিডিপি কে উপজেলা পরিষদের কো-অপ্ট সদস্য হিসেবে সংযুক্ত করার প্রস্তাবটি সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় এবং প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, মাদারগঞ্জ, জামালপুরকে এ উপজেলার সিটিজেন চার্টার হালনাগাদ তথ্যাদি ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হয়। | ১। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, মাদারগঞ্জ।<br>২। উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ), মাদারগঞ্জ, জামালপুর। |
| ২৭. | বিবিধ আলোচনা | ক. উপজেলা নির্বাহী অফিসার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান ১১ মার্চ ২০২১ খ্রি: তারিখে ৪৬. ০০. ০০০০. ০৩৬.২৬.৪৮৭.২০১১ (অংশ-১)-১৭১ নং স্মারক মূলে স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা হতে একখানা পত্র পাওয়া গিয়াছে। প্রাপ্ত পত্রখানা পর্যালোচনায় দেখা যায়, উপজেলা নির্বাহী অফিসারগণের বাসভবন ও শারীরিক নিরাপত্তায় আনসার সদস্যদের আবাসন ভবন নির্মাণের জন্য প্রধান প্রকৌশলী, এলজিইডি হতে প্রাপ্ত প্রাক্কলন ও আনসার ভিডিপি সদর থেকে প্রাপ্ত লে-আউট প্লান অনুযায়ী ১৫,০০,০০০/-(পনের লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে সরকারি বিধি-বিধান অনুসরণপূর্বক ১২ আগস্ট ২০২১ খ্রি: তারিখে ৪৬,০০,০০০০.০৩৫.২০,০০২.২১.৮ নং স্মারক মূলে স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা হতে প্রাপ্ত পত্রে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ দ্বারা আবাসন ভবন(আনসার সেড) নির্মাণের অনাপত্তিপত্র প্রদান করা হয়েছে। উক্ত পত্রের আলোকে উপজেলা পরিষদের অভ্যন্তরে আনসার সদস্যদের আবাসন ভবন নির্মাণে স্থান নির্বাচনসহ দ্রুত বাস্তবায়ন করার জন্য সভায় আলোচনা করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে আনসার সদস্যদের আবাসন ভবন নির্মাণের স্থান নির্বাচন করা হয় এবং উপজেলা প্রকৌশলী, মাদারগঞ্জ, জামালপুরকে আবাসন ভবন নির্মাণের কাজ নির্বাচিত স্থানে দ্রুত বাস্তবায়ন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী মাদারগঞ্জ, জামালপুর। |
| | | খ. উপজেলা নির্বাহী অফিসার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন পুরাতন এবং পূর্বের ড্রইং ডিজাইনে করার কারণে বসবাসের সমস্যা সৃষ্টি হওয়ায় ২০২০-২০২১ অর্থ বছরে উক্ত বাসভবনের কিছু কাজ করা হয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরে বাসভবনের অবশিষ্ট কাজ উপজেলা প্রকৌশলী, মাদারগঞ্জ, জামালপুরকে সরেজমিনে পরিদর্শন করত: প্রাক্কলন প্রস্তুত করে উপজেলা রাজস্ব তহবিলের অর্থ দ্বারা বাস্তবায়ন করার জন্য সভায় প্রস্তাব করেন। | ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের অবশিষ্ট কাজ রাজস্ব তহবিলের অর্থ দ্বারা উন্নয়ন কাজ RFQ পদ্ধতিতে করার সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো এবং এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, মাদারগঞ্জ, জামালপুরকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী মাদারগঞ্জ, জামালপুর। |
| | | গ. চেয়ারম্যান, উপজেলা পরিষদ,মাদারগঞ্জ, জামালপুর মহোদয়ের (১) বাসভবনটির ছাদ ঝুঁকিপূর্ণ হওয়ায় দ্রুত মেরামত (২) বাসভবনের চত্বর উন্নয়ন করার জন্য সভায় আহবান জানান। | এ বিষয়ে উপজেলা প্রকৌশলী, মাদারগঞ্জ, জামালপুরকে বাসভবনের ছাদ এবং বাসভবনের চত্বর সরেজমিনে পরিদর্শন পূর্বক উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ দ্বারা RFQ পদ্ধতিতে মেরামত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী মাদারগঞ্জ, জামালপুর। |
| | | ঘ. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান ২০২১-২০২২ অর্থ বছরে এ উপজেলায় যেসকল প্রকল্প গ্রহণ করা হবে তা আগামী জুন/২০২২ মাসের আগেই দ্রুত সমাপ্ত করার জন্য সকল দপ্তর প্রধানগণকে অনুরোধ করেন। | এ বিষয়ে সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধানগণকে তৎপর থাকার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | সকল দপ্তর প্রধানগণ। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ঙ. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, ২০২১-২০২২ অর্থ বছরে তেঘরিয়া মির্জা আজম গণগ্রন্থাগারের ছাদ নির্মাণ করার জন্য সভায় আহবান জানান। | এ বিষয়ে উপজেলা প্রকৌশলী, মাদারগঞ্জ, জামালপুরকে ২০২১-২০২২ অর্থ বছরে রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিল হতে প্রকল্প গ্রহণ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী মাদারগঞ্জ, জামালপুর। |
| | | চ. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, মির্জা আজম মেডিক্যাল টেকনোলজি ইনিস্টিটিউট বাস্তবায়ন কাজের বিগত বছরে বরাদ্দ ঘাটতি থাকায় বর্তমান অর্থ বছর হতে তা সমন্বয় করার জন্য সভায় আলোচনা করা হয়। | এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, মাদারগঞ্জ, জামালপুরকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী মাদারগঞ্জ, জামালপুর। |
| | | ছ. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, উপজেলা পরিষদের বাসাবাড়ীর বর্তমান অবস্থা এবং বাসাবাড়ী হতে প্রাপ্ত আয় উপজেলা পরিষদে যথারীতি জমা হচ্ছে কিনা এ বিষয়ে সভায় বিস্তারিক আলোচনা করা হয়। তাছাড়া উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের বজ্য ও আবর্জনা পরিস্কার খাতের অর্থ দ্বারা প্রতি মাসে নিয়মিতভাবে দৈনিক হাজিরার শ্রমিক দ্বারা পরিস্কার করার জন্য আলোচনা করা হয়। | উপজেলা পরিষদের বাসাবাড়ীর বর্তমান অবস্থা এবং বাসাবাড়ী হতে প্রাপ্ত আয় উপজেলা পরিষদে যথারীতি জমা হচ্ছে কিনা এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, মাদারগঞ্জ, জামালপুরকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী মাদারগঞ্জ, জামালপুর। |
| | | জ. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর সভায় মাদারগঞ্জ মডেল থানা, জামালপুর এর সাংস্কৃতিক উন্নয়ন করার জন্য সভায় আলোচনা করেন। | এ বিষয়ে উপজেলা প্রকৌশলী, মাদারগঞ্জ, জামালপুরকে ২০২১-২০২২ অর্থ বছরে রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিল হতে প্রকল্প গ্রহণ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী মাদারগঞ্জ, জামালপুর। |

অতঃপর সভায় যে সকল আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে তা যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য উপস্থিত সদস্যগণকে অনুরোধ জানিয়ে এবং সকলের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভা সমাপ্ত ঘোষণা করেন।

২৯.০৮.২০২১
(মোঃ ওবায়দুর রহমান বেলাল)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মাদারগঞ্জ, জামালপুর।

স্মারক নং-০৫.৪৫.৩৯৫৮.৪৫৬.৪৭.০০১.১৫-৯৯৫/০১ তারিখ ঃ ২৯ আগস্ট ২০২১ খ্রি:।

কার্যার্থে অনুলিপি ঃ

১। উপজেলা . . . . . . . . . . . . . . . . . . . . . . অফিসার, মাদারগঞ্জ, জামালপুর।
২। চেয়ারম্যান, . . . . . . . . . . . . . . .ইউনিয়ন পরিষদ (সকল), মাদারগঞ্জ, জামালপুর।
৩। জনাব . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . ,সদস্য, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।

(ইলিশায় রিছিল)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, মাদারগঞ্জ।

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি ঃ

১। আলহাজ্ব মির্জা আজম, এমপি, সভাপতি, বস্ত্র ও পাট মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, জামালপুর।
৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, জামালপুর।
৫। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর।
৬। মেয়র, মাদারগঞ্জ পৌরসভা, মাদারগঞ্জ, জামালপুর।
৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
৮। অফিস কপি।

(ইলিশায় রিছিল)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
মাদারগঞ্জ, জামালপুর।